rumi/desktop/khadiza folder/Admin-6/118

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
☏: +৮৮-০২-৪৮৩১৩৬৫১/৯৩৪২০৫৮ 🖷 : +৮৮-০২-৯৩৪২২২৬
scouts.gov.bd ই-মেইল : adm@scouts.gov.bd

পত্র নং- বা: স্কা: (সংগঠন:৯১০২ )/(১৮৫০)/2020

তারিখ : ১৪ অগ্রহায়ণ ১৪২৭
২৯ নভেম্বর ২০২০

# পরিপত্র

করোনা মহামারী চলাকালে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের সকল বিভাগ থেকে জারীকৃত পরিপত্র/গাইডলাইন/নীতিমালা ইত্যাদি পর্যালোচনা ও সমন্বয়পূর্বক নিম্নবর্ণিত গাইডলাইন অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন কার্যক্রম পরিচালনা এবং ব্যক্তিগতভাবে প্রতিপালন করার জন্য জারি করা হ'ল :

**করোনা প্রতিরোধে প্রধানত: দুই ধরনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে : (১) ব্যক্তিগত আচরণ এবং (২) দলীয় আচরণ**

**১. ব্যক্তিগত আচরণ (সরাসরি/অফলাইনে):**

**ক. কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট/এ্যাডাল্ট লিডার:**

১। সর্বশক্তিমান আল্লাহর/সৃষ্টিকর্তার উপর সম্পূর্ণরূপে ভরসা রাখা ;
২। আবশ্যিকসহ পছন্দের ধর্মীয় কাজগুলো করা এবং বেশী বেশী প্রার্থনা করা;
৩। দৈনিক কমপক্ষে ৬-৮ ঘন্টা ঘুমানোর অভ্যাস করা;
৪। দৈনিক ১০-১৫ মিনিট ধরে হালকা ব্যায়াম করা;
৫। নিজের কাজ নিজে করা ও ঘরে অন্যদের সাহায্য করা। সকলের প্রতি সহমর্মিতা প্রকাশ করা;
৬। পরিবারের সদস্যদের সাথে যথেষ্ট সময় কাটানো। তাঁদের সাথে জীবনের অভিজ্ঞতা বিনিময় করা;
৭। ঘনিষ্টজনদের সাথে নিজের অনুভূতি প্রকাশ করা, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে অন্যদের খবর নেওয়া, প্রয়োজনে অন্যদের মানসিক সমর্থন দেয়া;
৮। সর্বদা ইতিবাচক চিন্তা ও আচরণ করা;
৯। পছন্দের কাজ ও বিষয়গুলো সম্পন্ন করতে উদ্যোগী হওয়া। যে কাজগুলো সময়ের অভাবে আগে করা যায়নি সেগুলো শেষ করা। জীবন ঘনিষ্ট বই পড়া;
১০। অসমর্থিত তথ্য বা গুজবে মনোযোগ না দেওয়া এবং তা শেয়ার না করা;
১১। সহজ উপায়ে মনদৈহিক প্রশান্তির অভ্যাস করা;
১২। করোনা স্বাস্থ্যবিধি মেনে চলা এবং খাবারে পুষ্টিমান বজায় রাখা;
১৩। রুটিন অনুযায়ী সম্ভব হলে উপদল পদ্ধতিতে দৈনন্দিন কাজ সম্পাদন করা;
১৪। করোনা প্রতিরোধে গৃহীত সকল কাজ ফেসবুক লাইভে দেয়া অথবা কাজের ভিডিও ক্লিপ/ছবি ও সংক্ষিপ্ত প্রতিবেদন (এক লাইনে হলেও) 'করোনা প্রতিরোধ সেন্টারে' পৌঁছানো;
১৫। বিদেশ ফেরত/করোনা আক্রান্ত ব্যক্তি/পরিবার/বাড়ি থেকে নিরাপদ দূরত্ব বজায় রেখে চলা, তবে তাঁদের প্রতি যেন সামাজিকভাবে ঘৃণা ছড়ানো না হয় এ বিষয়ে জনগণকে সচেতন করা এবং অনলাইনে উদ্বুদ্ধকরণ ;
১৬। ইউনিটের/গ্রুপের সকল কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটদের সাথে অনলাইনে নিয়মিত যোগাযোগ স্থাপনের মাধ্যমে ঘরে থেকেও সকলকে সংযুক্ত করে বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ দেয়া;
১৭। বই পড়া, কবিতা আবৃত্তি শেখা, চিত্রাঙ্কন, পলিথিন/প্লাস্টিক মুক্ত দেশ আন্দোলন, হ্যান্ড ওয়াশ, গুগল ম্যাপিং, করোনা ঝুঁকি নিরূপন ও প্রতিরোধ বিষয়ে অনলাইন প্রশিক্ষণ, মুজিববর্ষ ভিত্তিক আলোচনা ও সাধারণ জ্ঞান প্রতিযোগিতা আয়োজন এবং অংশগ্রহণ করা;
১৮। শাখা ভিত্তিক প্রোগ্রামভুক্ত নির্বাচিত দক্ষতা/পারদর্শিতা ব্যাজ বিষয়ে অনলাইন প্রশিক্ষণ/প্রতিযোগিতা আয়োজন এবং অংশগ্রহণ করা;
১৯। অফলাইন/অনলাইন ক্রু মিটিং, ক্রু কাউন্সিল (৬০% অংশগ্রহণকারী থাকবে), রিফ্রেশার্স কোর্স ও অন্যান্য কার্যক্রমে অংশগ্রহণ করা;

খ. **কাব স্কাউটদের জন্য বিশেষ অনুশীলন :**

১। সর্বদা কাব স্কাউট আইন মেনে চলা;
২। ঘরে অবস্থান করেই নিজেকে রক্ষা করা;
৩। শুধুমাত্র অনলাইন কার্যক্রমে অংশগ্রহণ করা;
৪। সংসদ টিভিতে পাঠ্যক্রম/ক্লাস অনুসরণ করা;
৫। যে কোন স্কাউট কার্যক্রমে কাব স্কাউট স্কার্ফ পরিধান করা;
৬। অভিভাবকদের পরামর্শ, আদেশ, উপদেশমত কাজ করা;
৭। নিয়মিত ধর্মীয় আচার অনুষ্ঠানে অংশগ্রহণ করা;

গ. **স্কাউটদের জন্য বিশেষ অনুশীলন :**

১। সর্বদা স্কাউট প্রতিজ্ঞা ও আইন মেনে চলা;
২। শুধুমাত্র অনলাইন কার্যক্রমে অংশগ্রহণ করা;
৩। অভিভাবকের অনুমতি ও জরুরী প্রয়োজন ব্যতিত ঘর থেকে বের না হওয়া;
৪। সংসদ টিভিতে পাঠ্যক্রম/ক্লাস অনুসরণ করা;
৫। নিকটবর্তী করোনা চিকিৎসাকেন্দ্রসমূহের ঠিকানাসহ তালিকা সংগ্রহে রাখা ও প্রয়োজনে সকলকে জানানো;
৬। কোভিড-১৯ বিষয়ে বাংলাদেশ স্কাউটস এবং সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুসরণ করা;
৭। যে কোন স্কাউট কার্যক্রমে স্কাউট স্কার্ফ পরিধান করা;

ঘ. **রোভার স্কাউটদের জন্য বিশেষ অনুশীলন :**

১। সর্বদা স্কাউট প্রতিক্ষা ও আইন মেনে চলা;
২। অনলাইনের সকল স্কাউটকার্যক্রমে অংশগ্রহণ করে সচেতনতা বৃদ্ধির কাজ করা ;
৩। বাংলাদেশ স্কাউটস ও অভিভাবকের অনুমতি ছাড়া ঘর থেকে বের না হওয়া ;
৪। অভিভাবকের সম্মতি ও প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ সাপেক্ষে জনসচেতনতা সৃষ্টির কার্যক্রমে অংশগ্রহণ করা;
৫। স্থানীয় প্রশাসনের সমন্বয়ে কর্মসূচি বাস্তবায়নে সীমিত পরিসরে সহায়তা করা;
৬। কোভিড-১৯ বিষয়ে জারিকৃত বাংলাদেশ স্কাউটস এবং সরকারি নির্দেশনা অনুসরণ করা;
৭। সকল স্কাউট কার্যক্রমে অংশগ্রহণকারীদের স্কাউট স্কার্ফ পরিধান করা সমীচীন;

২. **দলীয় আচরনঃ করোনা পরিস্থিতিতে কাউন্সিল/সভা/প্রোগ্রাম/প্রশিক্ষণ কার্যক্রম;**

ক. কাউন্সিল আয়োজন (অনলাইনে):

১। বাংলাদেশ স্কাউটস এর "গঠন ও নিয়ম"এ বর্ণিত কার্যপদ্ধতি অনুসরণ করা;
২। কাউন্সিল সভার সভাপতি, কমিশনার, কোষাধ্যক্ষ, সম্পাদক, নির্বাচন পরিচালনা পরিষদের ৩ জন সদস্য এবং বাংলাদেশ স্কাউটস এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ সভা আয়োজনে অনলাইন অ্যাপস পরিচালনায় সহায়তাকারী অ্যাডমিন এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কাউন্সিল চলাকালীন সময়ে একই স্থানে সামাজিক দূরত্ব বজায় রেখে কার্যক্রম পরিচালনা করবেন। কোভিড-১৯ এর স্বাস্থ্য বিধি মেনে কার্যক্রম সম্পন্ন করা ;
৩। কাউন্সিলে বার্ষিক সাধারণ সভা আয়োজনের ক্ষেত্রে কাউন্সিলের সভা শুরুর ৩০ মিনিটের মধ্যে কাউন্সিলরকে অনলাইনে সংযুক্ত থাকা;
৪। কাউন্সিল সভা ডাকার জন্য সভার (নির্ধারিত অনলাইন অ্যাপস আইডি ও পাসওয়ার্ড), তারিখ, সময় ও নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত আলোচ্যসূচি সম্বলিত নোটিশ সকল কাউন্সিলরের নিকট যথাসময়ে প্রেরণ করা;
৫। সকল কাউন্সিলরকে স্কাউট পোশাক পরে ব্যক্তিগত আইডি থেকে সভায় অংশগ্রহণ করা ;
৬। কাউন্সিল সভা শুরু হওয়ার আধাঘন্টার মধ্যে কোরাম না হলে সভার কাজ মূলতবী হয়ে যাবে এবং এক্ষেত্রে বাংলাদেশ স্কাউটস এর 'গঠন ও নিয়ম' অনুসরণ করতে হবে ;
৭। কাউন্সিল সভা আয়োজনকারী কর্তৃপক্ষ সভা আরম্ভ হবার পূর্বে কাউন্সিলরের কাছ থেকে তাদের ব্যক্তিগত অনলাইন আইডি সংগ্রহ করবেন এবং সভা পরিচালনায় সহায়তাকারী সকল অ্যাডমিন সেই তালিকা অনুযায়ী কাউন্সিলরগণকে অনলাইনে যুক্ত করবেন;
৮। কাউন্সিলে নিজ নামে কাউন্সিলর ছাড়া কারো সাথে মিটিং আইডি ও পাসওয়ার্ড শেয়ার করা যাবেনা এবং কাউন্সিলরকে অনুরূপভাবে গাইডলাইন দিতে হবে;
৯। কাউন্সিলরগণকে অনলাইন ব্যবহারে শিষ্টাচার ও টেকনিক (অডিও, ভিডিও, রেসপন্স, হ্যান্ডরেইজ, ব্রেকআউট গ্রুপ ইত্যাদি) মানা;

খ. কাউন্সিল আয়োজন (অফলাইন):

১। স্কাউটসএর "গঠন ও নিয়ম"এর কার্যপদ্ধতি অনুসরণ করা;
২। কাউন্সিলের শুরুতে সকলের শরীরের তাপমাত্রা মাপার ব্যবস্থা করা;
৩। সামাজিক দূরত্ব (নুন্যতম ৩ ফুট দূরত্ব) বজায় রেখে কার্যক্রমে অংশগ্রহণ করা ;
৪। মাস্ক ব্যবহার করে কাউন্সিলে অংশগ্রহণ নিশ্চিত করা এবং অতিরিক্ত হিসেবে একাধিক মাস্ক সংগে রাখা ;
৫। আয়োজনকারী কর্তৃপক্ষের একটি বিশেষ টিম প্রস্তাবিত স্থান পরিদর্শন করে কোভিড-১৯ স্বাস্থ্যবিধি মেনে বাস্তবায়ন স্থান উপযোগী কিনা তা নিশ্চিত করা;
৬। কোভিড-১৯ স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষিত/দক্ষ স্টাফ নিয়োগ করা। তিনি সার্বক্ষনিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা ও প্রতিপালন বিষয়ে তদারকি করবেন;
৭। পরিমিত হ্যান্ড স্যানিটাইজার এর ব্যবহার নিশ্চিত করা;
৮। কাউন্সিল হল, ডাইনিং হল ও আবাসস্থলে জীবানুনাশক স্প্রে করা;
৯। প্রয়োজনে এম্বুলেন্সের ব্যবস্থা রাখা;
১০। কাউন্সিল শেষ না হওয়া পর্যন্ত সকলকে বাহিরে যেতে নিরুৎসাহিত করা ;
১১। কাউন্সিল চলাকালীন অতিথি আগমন নিয়ন্ত্রিত রাখা;
১২। কাউন্সিল এলাকার দৃশ্যমান একাধিক স্থানে কোভিড-১৯ স্বাস্থ্যবিধি ঝুলিয়ে রাখা;

গ. প্রশিক্ষণ/প্রোগ্রাম বাস্তবায়ন (অনলাইনে):

বাংলাদেশ স্কাউটস এর প্রশিক্ষণ ও প্রোগ্রাম বিভাগ কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী প্রশিক্ষণ/প্রোগ্রাম সংশ্লিষ্ট কার্যপদ্ধতি অনুসরণ করতে হবে। তবে অনলাইন বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নলিখিত বিধি মেনে চলতে হবে:

১। অনলাইনে যে কোন একটি প্লাটফরম ব্যবহার করে (যেমন: ফেসবুক মেসেঞ্জার, হোয়াটস অ্যাপ, জুম ইত্যাদি) প্যাক/ট্রুপ/ক্রু মিটিংএ অংশগ্রহণ করা;
২। সকল অংশগ্রহণকারী স্কাউট পোশাক পরে কার্যক্রমে অংশগ্রহণ করা;
৩। কার্যক্রম আরম্ভের পূর্বের দিন সভার আইডি পাসওয়ার্ড সকল অংশগ্রহণকারীদের নিকট প্রেরণ করা;
৪। সকলকে স্কাউট ইউনিফর্ম পরিধান এবং অনলাইনে কার্যক্রমের শিষ্টাচার ও টেকনিক (অডিও, ভিডিও, রেসপন্স, হ্যান্ডরেইজ, ব্রেক আউট গ্রুপ ইত্যাদি) মানা;
৫। মনোনীত তালিকা অনুযায়ী অংশগ্রহণকারীগণকে আয়োজনকারী কর্তৃপক্ষ অনলাইনে যুক্ত করবেন;
৬। মিটিং আইডি ও পাসওয়ার্ড শেয়ার করা যাবে না এবং অংশগ্রহণকারীগণকে অনুরূপভাবে গাইড লাইন দেয়া;

ঘ. প্রশিক্ষণ/প্রোগ্রাম বাস্তবায়ন (অফ-লাইনে):

১। সামাজিক দূরত্ব (নূন্যতম ৩ ফুট দূরত্ব) বজায় রেখে সেশনসহ সকল কার্যক্রমে অংশগ্রহণ করা;
২। সামাজিক দূরত্ব (নূন্যতম ৩ ফুট দূরত্ব) বজায় রাখার স্বার্থে স্বাভাবিক অবস্থার অর্ধেক অংশগ্রহণকারী নিয়ে কার্যক্রম বাস্তবায়ন করা;
৩। সকল অংশগ্রহণকারীর বাধ্যতামূলক মাস্ক ব্যবহার নিশ্চিত করা;
৪। প্রশিক্ষণ/প্রোগ্রাম সংশ্লিস্ট কার্যক্রমের ক্ষেত্রে প্রতিদিন সকালে বাধ্যতামূলক সকল অংশগ্রহণকারীর শরীরের তাপমাত্রা মাপার ব্যবস্থা করা এবং তাপমাত্রা পরীক্ষা করে কোর্স স্থান ত্যাগ করা ;
৫। কোভিড-১৯ স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত বা অবগত একজন স্টাফ নিয়োগ করা। এমন একজন স্টাফ নিয়োগ করা যিনি সার্বক্ষণিক কোভিড-১৯ স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা ও প্রতিপালন বিষয়ে তদারকি করবেন। তিনি এ ব্যাপারে প্রতিদিনের রিপোর্ট নির্ধারিত ফরমে কোর্স লিডারের/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দেবেন এবং এর সার-সংক্ষেপ কোর্সের রিপোর্টের সাথে সংযুক্ত করবেন);
৬। কোভিড-১৯ স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণকারী সকলকে তাঁবুতে/ডরমিটরিতে অবস্থান করা;
৭। সেশন হল, ডাইনিং হল ও আবাসস্থলে নিয়মিত জীবানুনাশক স্প্রে করা;
৮। নিয়মিত হাত ধোয়ার ব্যবস্থা রাখা ও হ্যান্ড স্যানিটাইজার এর ব্যবহার নিশ্চিত করা;
৯। কোর্স/প্রোগ্রাম এলাকা যেমন - সেশন হল, ডাইনিং হল, পতাকা উত্তোলন স্থান, টয়লেট, আবাসস্থল, রান্না করার স্থান, তাঁবু এলাকা এবং আশপাশ এলাকা সর্বদা পরিস্কার পরিচ্ছন্ন রাখা ;
১০। কার্যক্রম চলাকালে একই চেয়ার, টেবিল, প্লেট, গ্লাস ব্যবহার করা ;
১১। প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীগণ কোর্স এলাকায় প্রবেশ করার পর কোর্স শেষ না হওয়া পর্যন্ত প্রশিক্ষণ/প্রোগ্রাম এলাকার বাহিরে যেতে পারবেন না;
১২। কোর্স চলাকালীন অতিথি আগমন নিয়ন্ত্রিত রাখা;

৬. ব্যয় নির্বাহ সংক্রান্ত করণীয় (অনলাইনে):

১। জাতীয় সদর দফতরের বিভাগসমূহ কাজের পরিধি অনুযায়ী স্বতন্ত্রভাবে অথবা যৌথভাবে এবং অঞ্চলসমূহ তাদের চাহিদানুসারে একটি মিটিং এপ্লিকেশন এর বার্ষিক সাবসক্রিপশন ক্রয় করতে পারবে। প্রতি কার্যক্রমের জন্য আলাদা সাবসক্রিপশন ক্রয় করা যাবে না;

২। প্রশিক্ষক/স্টাফদের বরাদ্দ অনুসারে সম্মানী প্রদান করা যাবে। একদিনের প্রশিক্ষণ/কার্যক্রমের জন্য সর্বোচ্চ ১০০০/= (এক হাজার) টাকা এবং একাধিক দিনের প্রশিক্ষণ/কার্যক্রম বাস্তবায়নের জন্য সর্বোচ্চ ১৫০০/= (এক হাজার পাঁচশত) টাকা প্রদান করা যাবে;

৩। প্রশিক্ষক/স্টাফগণের একদিনের কার্যক্রমের জন্য সর্বোচ্চ ৪০০/= (চারশত) টাকা এবং একাধিক দিনের কার্যক্রমে সর্বোচ্চ ৭০০/= (সাতশত) টাকা ডাটা চার্জ প্রদান করা যাবে;

৪। একদিনের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সর্বোচ্চ ৩০০/= (তিনশত) টাকা এবং একাধিক দিনের জন্য সর্বোচ্চ ৫০০/= (পাঁচশত) টাকা ডাটা চার্জ প্রদান করা যাবে;

৫। একটি অনলাইন মিটিং-এ অংশগ্রহণ করার জন্য সর্বোচ্চ ২০০/= (দুইশত) টাকা ডাটা চার্জ প্রদান করা যাবে;

৬। কার্যালয়ে উপস্থিত থেকে যারা কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট থাকবেন তাদের জন্য প্রয়োজন অনুযায়ী নাস্তা/খাবারের ব্যবস্থা করা যেতে পারে;

৭। অনলাইন কার্যক্রমের জন্য প্রস্তাবিত মূল বাজেটের শতকরা ৫০ ভাগের অধিক কোনক্রমেই খরচ করা যাবেনা;

৮। অনলাইনে ছোট ছোট সভা/কার্যক্রমের জন্য ফ্রি-মিটিং এপ্লিকেশন ব্যবহারের পরামর্শ দেওয়া হলো;

৯। অনলাইন মিটিং-এ উপস্থিতির স্ক্রিনশট বিলের সাথে প্রমাণপত্র হিসেবে প্রদান করতে হবে;

১০। অনলাইন প্রশিক্ষণ/মিটিং/কার্যক্রমের জন্য কোন গিফট প্রদান করা যাবে না;

১১। বিধি মোতাবেক ট্যাক্স ও ভ্যাট কর্তন করতে হবে।

উপরোক্ত গাইডলাইন অনুসারে কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।

২৯/১১/২০২০

(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

**বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১। সম্পাদক/আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
২। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
৩। সভাপতি/কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;
৪। সভাপতি/কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা;

**সদয় জ্ঞাতার্থে :**

১। সভাপতি, বাংলাদেশ স্কাউটস;
২। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
৩। জাতীয় নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস;
৪। আহবায়ক, সমন্বিত গাইডলাইন প্রণয়ন টাস্কফোর্স;
৫। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;
৬। সভাপতি/কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।